

### **ভিকটিম সাপোর্ট সেন্টার (ভিএসসি) :**

বাংলাদেশের একমাত্র ভিকটিম সাপোর্ট সেন্টারটির যাত্রা শুরু ২০০৯ সালের ১৭ই ফেব্রুয়ারী। পাশাপাশি দশটি এনজিওর সহায়তায় সম্পূর্ণভাবে নারী পুলিশ দ্বারা পরিচালিত ভিএসসি ২৪ ঘন্টাই সব ধরনের ভিকটিম নারী ও শিশুদের সেবা প্রদান করে থাকে।

**কার্যক্রম :** ভিএসসি ভিকটিমদের সরাসরি অভিযোগ গ্রহনসহ বিভিন্ন থানা হতে প্রেরিত ভিকটিমদের সেবা প্রদান করে থাকে। অভিযোগের ভিত্তিতে ভিকটিমদের প্রয়োজন অনুসারে সহযোগী ১০টি এনজিওর মাধ্যমে ভিকটিমকে আইনগত সহায়তা, মনোসামাজিক কাউন্সেলিং এবং জরুরী চিকিৎসা সেবা দেয়া হয়। তদুপরি দীর্ঘমেয়াদী সেল্টার প্রয়োজন হলে ভিএসসিতে সর্বোচ্চ পাঁচ দিন রেখে পরবর্তীতে এনজিওতে রেফার করা হয় এবং তা তদারক করা হয়।

থানা হতে মামলার ভিকটিমদের এখানে প্রেরন করা হলেও সবচেয়ে বেশী হারানো শিশু এবং বাসা হতে রাগ করে বের হয়ে যাওয়া মেয়ে/কাজের মেয়েদের প্রেরন করা হয়। এরূপ হারানো বা রাগ করা শিশু/মেয়েদের হতে তাদের অভিভাবকের ঠিকানা পাওয়া গেলে ঐ এলাকার ওসির মাধ্যমে অভিভাবককে খবর দেয়া হয়। শিশু ঠিকানা বলতে না পারলে প্রিন্ট মিডিয়াতে ছবিসহ বিজ্ঞপ্তি প্রচার করা হয়। উপরন্তু শিশু/মেয়ে তার এলাকা সম্পর্কে কিছুটা ধারণা দিতে পারলে এবং এলাকাটি ডিএমপির আওতায় হলে ভিএসসির গাড়ীতে করে ভিকটিমকে নিয়ে যেয়ে অভিভাবক ও ঠিকানা সংগ্রহের চেষ্টা করা হয়।

### **সুযোগ সুবিধা :**

ভিকটিমদের সেবা প্রদানের জন্য রয়েছে -

- ১। ডরমেটরী (আট শয্যার)।
- ২। পোশাক এবং খাবার।
- ৩। চিত্তবিনোদন ও খেলাধুলার ব্যবস্থা।
- ৪। চিকিৎসা সুবিধা (সোমবার ও মঙ্গলবার)
- ৫। নার্সের সেবা (অফিসকালীন সময়ে)।

সার্বক্ষনিক সাহায্যে- ০১৭৪৫৭৭৪৪৮৭

**Email : vsc\_dmp@yahoo.com**

## **Victim Support Centre (VSC)**

The one & only victim support centre of Bangladesh was launched on 17 February, 2009. Lady police officers administered this VSC is open for 24 hours for all types of lady & child victims. Police as well as 10 NGO's are giving their service here.

**Activities :** VSC gives the service to the victims from police stations as well as the direct complainants. Here legal aid, psycho-social counseling and emergency medical support are given to the victim after Considering the complaint & need of the victim. After maximum 5 days shelter victims are referred to the NGO's if long term shelter is needed.

Police stations send various types of victims to VSC. Of them most are missing child and girl/domestic helper who left their home in anger. After getting the addresses from the victims VSC informed their guardians with the help of the OC's of respective thanas. But if the addresses are not available then VSC publishes the photos and information of the missing child through newspapers. More over if the victim can give some information about the residence and if the place is under DMP area then the vehicle of VSC carry's the victim to that place to find out the guardians.

## **Facilities :**

The facilities for the victims at VSC-

1. Dormitory (8 beds)
2. Garments & food
3. Recreation & indoor games.
4. Treatment facilities (Monday & Tuesday)
5. Service from nurse (office working hours)

**Email : [vsc\\_dmp@yahoo.com](mailto:vsc_dmp@yahoo.com)**

**Help line-01745774487**